নভেম্বরের এক সুন্দর সকালে বেরিয়ে পড়ি তারিখটি ছিল ৯ই নভেম্বর, ২০২২। সমস্ত বন্ধুরা একসঙ্গে দেখা করে হাওড়া স্টেশানে এর উদ্দেশ্যে রওনা হই। তখন সমস্ত বন্ধুদের মুখেই ছিল এক আলাদা উত্তেজনা। তো যথারীতি আমরা হাওড়া স্টেশনে পৌঁছাই। আমাদের ট্রেন ছিল ৩-৪৫ এ (সরাইঘাট এক্সপ্রেস, হাওড়া - গুয়াহাটি ট্রেনে ওঠার আগে আমরা আমাদের দুপুরের খাওয়া ও সেরে নিই স্টেশনে। তারপর আমরা আমাদের শি(কদের সঙ্গে দেখা করে ট্রেনে উঠে গুয়াহটির পথে রওনা দেই। তারপরই শু(হয় আমাদের আসল মজা। খুব মজা করি সবাই এক জায়গায় বসে আড্ডা মারি, চা ও কিছু জল খাবারের সাথে। তারপর আমরা আমাদের রাতের খাবার খেয়ে আরো কিছু সময় আড্ডা মেরে ভাবলাম ''এবার একটু শোয়ার প্রয়োজন''। তারপরদিন অনেক ভোরেই ঘুম ভেঙে দেখি এক অদ্ভুতপূর্ব প্রাকৃতিক দৃশ্য যা আমাদেরকে মন্ত্রমুগ্ধ করে তোলে। দেখি আমাদের ট্রেন ছুটে চলেছে। ছোট ছোট টিলারী মাঝে শিশিরে ভেজা জমির ওপর দিয়ে যার ওয়ার সূর্যের হালকা ছিটে পড়েছে। এরপর সকাল সকাল আবার আড্ডা জমাতে আমাদের সময় লাগেনি। এভাবেই আমরা আড্ডা মজার মধ্যে গুয়াহটিতে পৌঁছাই। দীর্ঘ ট্রেন জার্নির পর গুয়াহাটি সেটশনে আমরা গাড়ি ঠিক করার সময় কিছু(ণ অপে(া করলাম এবং কিছু ছবিও তুললাম। তারপর আমরা গাড়িতে উঠে বসলাম পরবর্তী গন্তব্যস্থান শিলং-এর জন্য। যখন আমরা মেঘালয়ের মধ্যে ঢুকলাম সত্যি ওই রাস্তার সৌন্দর্যতার মধ্যে এক আলাদাই অনুভূতি। তো রাস্তার মধ্যে একটা হোটেল এ গাড়ি দাঁড় করিয়ে আমরা কিছু(ণ চা জল খেলা। তারপর আবার আমাদের গাড়ি চলতে শু(করল। আমরা অবশেষে পৌঁছালাম শিলং। তখন একটা খুবই হালকা ঠান্ডার অনুভূতি হল। এতটা জার্নির পরও কারো মুখে তখন এতটুকু ক্লান্তির ছাপ নেই। সবাই মুখে তখন এক আলাদাই আনন্দ। নতুন জায়গা পরিদর্শনের। তো গাড়ি থেকে শিলং মার্কেট - এ নেমেই একটু হেঁটেই আমাদের হোটেল। হোটেলে গিয়ে সবাই ফ্রেস হয়ে। দুপুরের খাবার সারতে সারতে বিকাল হয়ে যায়। তারপরই আবার বেরিয়ে পড়ি নতুন জায়গা পরিভ্রমণে। Police Bazar হল শিলং এর এক বিখ্যাত মার্কেট। আমরা এর পাশেই ছিলাম। তো যথারিতি আমরা বাজারটা খানিকটা ঘুরে দেখলাম। আর প্রথমদিন গিয়েই কিছু কেনাকাটা ও করে ফেলি। তারপর হোটেলে এসে সবাই একজায়গায় আড্ডা মারতে বসি চায়ের সাথে। এই ভাবেই আমাদের শিলং-এ প্রথম দিনটা কাটে।

দ্বিতীয় দিনটি ছিল আমাদের সার্ভে এর দিন। স্যাররা আমাদের সেটি আগেরদিন রাতেই জানিয়ে দেন। তো আমরা সকাল সকাল উঠে সবাই রেডি হয়ে আমরা সার্ভের জন্য প্রয়োজনীয় সমস্ত tools এবং

কিছু geography -এর instrument নিয়ে বেরিয়ে পড়ি। আমাদের study area ছিল "East Khasi Hill District -এর সেখানে পৌঁছানো মাত্রই দেখি এক সুন্দর জমির (ে ত। সেখানে বিভিন্ন সব্জি, গম প্রভৃতি চাষ হচ্ছে। সেটি অনেকগুলি পাহাড়ের মাঝের খানিকটা স্থান জুড়ে রয়েছে। তারপর আমরা প্রকৃতির মজা নিয়ে আমাদের করণীয় কাজ শু(করি। প্রথমে আরমা সবাই গ্রুপ ছবি তুলি। তারপর নিজেরা কতগুলি দলে বিভক্ত(হয়ে সার্ভের কাজে বেরিয়ে পড়ি। নতুন জায়গায় নতুন নতুন মানুষের মধ্যে সার্ভে করতে গিয়ে অনেক সুন্দর অভিজ্ঞতা ও কিছু মজার মজার ঘটনাও ঘটেছিল। ওখানে বেশিয়ভাগই ছিল খাসি সম্প্রদায়ের মানুষ। যার মধ্যে বেশির ভাগ মানুষই খাসি ভাষা ছাড়া অন্য ভাষায় বোধগম্য নয়। তো তাদের সঙ্গে কথপকথন করতে গিয়ে বেশ কিছু মজার পরিস্থিতি তৈরি হয়। সব শেষে এটা বলা চলে ওখানকার মানুষজন খুবই সহজ ও সাধারণ। স্যারের কথামত একটা সময়ের পর আমরা আবার একজায়গায় হই। এবং সেটা ছিল নর্থ-ইস্ট হিল ইউনিভার্সিটি। যার পরিবেশ ছিল মনমুগ্ধকর। সেখানে গিয়ে মনে হচ্ছিল যেন বোটারনিক্যাল গার্ডেনে এসেগেছি। ইউনিভার্সিটি -র লেক এ খেলা করছিল প্রচুর রঙবেরঙিন মাছ। এছাড়া ছিল সেন্ট্রাল লাইব্রেরী। সব মিলিয়ে NEHU-র পরিবেশ ছিল অপূর্ব। তারপর আমরা আমাদের আরো কিছু Geographical কাজ সেরে হোটেলে ফিরে আমরা আমাদের লাঞ্চ কমপি-ট করেই আবার আমরা বেরিয়ে পড়ি Ward's Lake -এর উদ্দেশ্যে।

Ward's Lake ঃ এই লেক-এর স্থানীয় নাম হল Pollock Lake Or Nan Polok এটি হল একট কৃত্রিম হ্রদ। এটি শহরের কেন্দ্রে অবস্থিত। শিলং এ সবচেয়ে বেশি দর্শনীয় স্থান এটি। এখানেই অনুষ্ঠিত হয় ভারতের সবথেকে বড়ো Cherry blossom fastival। আমাদের এই Geographical Work - এ আমাদের স্যারের এক বন্ধু যিনি NEHU তেই Ph.D. করছেন। তিনিও আমাদের অনেক সাহায্য করেন এবং Ward's Lake ঘুরে দেখতেও সঙ্গ দেন। তারপর আরো কিছু সময় বাজারে ঘরে (ম এ এসে ফ্রেস হয়ে সবাই মিলে ডিনার করে গল্প করতে বসি। এই ভাবেই শেষ হল দ্বিতীয় দিনটা।

পরদিন খুবই সকাল সকাল রেডি হয়ে নেই এশিয়ার Clearnest Village এবং আরো কিছু Interesting Place দেখার জন্য সবাই হোটেল থেকে বেরিয়ে বাইরে চা খাই তারপর গাড়িতে উঠি। দুটো গাড়ি হয় স্যাররা আমাদের সঙ্গেই একই গাড়িতে ওঠেন। Clearnest Village যাওয়ার পথে আমরা একটা view point দাড়াই এবং তার স্নিগ্ধ সুন্দরতার মজা নেই এবং কিছু ছবি তুলে আবার গাড়িতে চাপি সোজা এসে দাড়াই living root bridge এর স্পট এ। যা ছিল পুরো সবুজে ঘেরা এক সুন্দর জায়গা।

living root bridge ঃ এটি হল এক ধরণের সরল সাসপেনশন ব্রিজ যা গাছের আকারের মাধ্যমে জীবন্ত উদ্ভিদের শিকড় দিয়ে তৈরি। root bridge এ দেখতে বেশ অনেকটা নীচে নামতে হয়। নামতে তো বেশ ভালোই লাগে। সেখান থেকে ওঠার পর সবাই খুব শক্তি(হারিয়ে ফেলে। সেই দেখে এজেন্ট চিহ্(কে আমাদের একটু শক্তি(র দরকার। তাই মাঝ রাস্তায় জঙ্গলের মধ্যে দাঁড়িয়ে আমরা আমাদের ভুড়িভোজ সারি। তারপর আমরা সোজা চলে যাই এশিয়ার Clearnest Village Maulynnong । জায়গাটা খুবই সুন্দর এবং মনোরম আর খুবই পরিষ্কার যা বলাবাহুল্য এখানেই কিছু উচু বাঁশের কেলা মতো ছিল যার ওপর দিয়ে বাংলাদেশ দেখা যায়।

Maulynnong ঃ মাওলিনং পূর্ব খাসি পাহাড়ের একটি গ্রাম। এটি তার পরিচ্ছন্নতার জন্য উল্লেখযোগ্য এবং ডিসকভার ইণ্ডিয়া ম্যাগাজিনে এশিয়ার সবচেয়ে পরিচ্ছন্ন গ্রাম হিসেবেও এটিকে বেছে নিয়েছে। সেখান থেকে আমরা যাই আমাদের তৃতীয় দিনের শেষ ভিজিটিং পে-স ডাওয়াকি। ডাওয়াকি পৌঁছাতে

পৌঁছাতে আমাদের বেশ বেলা গড়িয়ে যায়। তাই এশিয়ার Clearnest Village টার খুব ভালো মজা নিতে পারিনি। তবে এখানে যাওয়ার সময় আমার বেস্ট পার্ট লাগে আমারা বাংলাদেশের বর্ডার এর পাশ দিয়ে যাই এবং একটা জায়গায় আমরা কিছুটা জায়গা বাংলাদেশের মধ্যেও ঢুকি। সেটাকে পার করে যাওয়া আসা করতে হয়। তবে এখানে যে মানুষগুলো থাকে তাদের খুব সমস্যা যেমন - কেউ অসুস্থ হলে তাকে হসপিটালে নিয়ে যাওয়ার যেমন বাজে রাস্তা। তেমন কোনো ঠিকঠাক যোগাযোগ র(ার ব্যবস্থাও নেই। তো ওখান থেকে ফিরতে আমাদের অনেক রাত হয়। তবুও আমরা ফিরে একটু বাজার ঘুরি। তখন প্রায় সব বন্ধ হয়ে গেছে সব প্রায় ফাঁকা। তারপর হোটেলে ঢুকে বন্ধুরা মিলে আড্ডা সেরে। ডিনার কমপ্ি-ট করে তৃতীয় দিনকটাকে বিদায় জানাই।

বিদায় জানানো দিয়ে মনে আসল। আমাদের শেষ দিন শিলং এ। চতুর্থ দিন আজ। সকাল বেল রেডি হয়ে বেরিয়ে পরি চেরাপুঞ্জির উদ্দেশ্যে। চেরাপঞ্জির বেস্ট পার্ট ছিল তার রোড ভিউ যা ছিল অসাধারণ। আমরা পর পর দুটো ভিউ পয়েন্ট এ দাঁড়াই। যার মধ্যে একটা ভিউ পয়েন্ট হল Noh Sngithand falls বা seen sister falls।

Noh Sngithand falls ঃ ৩০০ মিটার এই ফলস টি হল খুবই আকর্ষণীয় ভারতে এবং মেঘালয়ে। এটি চুনপাথর দ্বারা গঠিত। এটিকে seen sister falls বলার কারণ হল - জলপ্রপাতের সাতটি অংশ উত্তর-পূর্বের সাতটি বোন রাজ্যের প্রতীক। সেগুলি হল আসাম, অ(ণাচলপ্রদেশ, মণিপুর, নাগাল্যান্ড, ত্রিপুরা, মিজোরাম এবং মেঘালয়। জলপ্রপাতটি বিভিন্ন জলপ্রপাত এর সমন্বয়ে গঠিত। তারপর সেখান থেকে আমরা সোজা চলে যাই Mawsmai Cave। সেখানে ঢোকার পথটাই ছিল বেশ ইন্টারেস্টিং।

Mawsmai Cave ঃ গুহাটি হল চুন আর বেলেপাথর সমৃদ্ধ গুহা। পর্যটকদের জন্য মাত্র ১৫০ মিটার অংশই খোলা থাকে। এখানে স্ট্যালাকটাইট ও স্ট্যালাগমাইটস - এর গঠন আপনাকে মন্ত্রমুগ্ধ করবে। সবশেষে আমরা চলে যাই Arwah Cave। সেখান থেকে পাহাড় ও শহরের দৃশ্যটাই ছিল অসাধারণ। আমরা সেখানে মৃদু ঠান্ডার মধ্যে বেশ জমিয়ে নুডলস ও খাই। তারপর হোটেলের দিকে রওনা দেই। হোটেলে এসে একটু ফ্রেস হয়ে আমরা আবার বেরিয়ে পরি প্রথমে আমরা চা খাই তারপর শেষ দিন বলে একটু কেনাকাটা। স্যারাও যান আমাদের সঙ্গে আমরা অনেক রাত পর্যন্ত থাকি স্যাররাও আমাদের সঙ্গে ঘোরেন। আমরা ওখানকার স্পেশাল কাঁচা সুপারি ও নারকেল দেওয়া পানও খাই। মার্কেট এর মাঝখানে আমরা দাঁড়িয়ে গানও করি। সব মিলিয়ে ব্যাপারটা ছিল পুরো ফাটাফাটি। এইভাবেই চতুর্থ দিনটা কেটে গেল।

পরদিন সকালে উঠে শিলং-এ কাটানো দিনগুলো কত তাড়াতাড়ি পার হয়ে গেল ভাবতে ভাবতেই আমাদের রেডি হয়ে বেরনোর সময় হয়ে গেল। এবার শিলং-কে বাই বাই বলে। রাস্তার দুই পাশে চেরি ব্লসম এর সঙ্গে সঙ্গে এগোতে থাকলা আসাম এর দিকে। সবার মন একটু ভারাত্র(ান্ত ছিল। তারপর সবাই সবার মন ঠিক করে আসামের হোটেল থেকে বেরিয়ে পড়লাম গুয়াহটি কামা(া মন্দিরের দিকে। মন্দিরে ঢোকার আগে কিছু ডালা কিনে ঢুকেই দেখি মাথা খারাপ ভিড়। তাই দেখে আমরা গ্রুপের ছেলেদের হাতে ডালা ধরিয়ে আমরা মন্দির পরিদর্শন এ বেরিয়ে পরি। বসেও আড্ডাও মারি। তারপর আবার হোটেলে ফিরে চা-এর জন্য বেরোই। গুয়াহাটি জায়গাটা ঠিক ভালোলাগার মতো নয়। তারপর হোটেলে এসে ডিনার সেরে সবাই জমিয়ে আড্ডা মারতে বসি। স্যাররাও ছিলেন। সবাই সবার Experience।স্যাররা তাদের পুরানো কথা বলেন। আমাদের সঙ্গে গিয়েছিল গোপালদা (নন টিচিং স্টাফ) আর আমদের কঙ্কন

স্যার, যে খুব কমই হাসে, তো আমাদের এই ঘোরা মধ্যে একটা ঘটনা নিয়ে খুব হাসাহাসি হয় যখন স্যার খুবই হাসে দেখে আমাদের সবার খুব ভালো লেগেছিল। এই ভাবেই হাসি আড্ডার মধ্যে দিয়ে আমাদের শেষ দিনটা কেটে যায়।

আমাদের Excursion এর শেষ সকালে এজেন্ট খুবই বাজে ব্রেকফাস্ট দিয়ে দিন শু(করে। যদিও বিগত দিনগুলিতে আমাদের রাত্রে খাবার খেয়ে কাটাতে হয়েছিল তো যাই হোক আমরা রেডি হয়ে বেরিয়ে পড়ি গুয়াহাটি স্টেশন এর দিকে রওনা দিই তারপর চেপেবসি ট্রেনে এবং একদিকে যেমন বাড়ি আসার আনন্দ ছিল ঠিক তেমনই ছিল শিলং-এর সুন্দর মনমুগ্ধকর পরিবেশ ছেড়ে আসার কষ্ট এবং আমরা নিজেরা আড্ডা মারি এবং এভাবেই সন্ধ্যা হয়ে যায় এবং আমাদের এজেন্ট আমাদের যে খাবার দেয় তা পুরোপুরি নষ্ট হয়ে যায় ও এই বিপদের মাঝে আমাদের স্যার আমাদের খাওয়ার আয়োজন করে যাতে স্যারের স্ত্রীর অবদান অনস্বীকার্য। স্যারের স্ত্রী আমাদের বড় দিদির মতো ছোটো ছোটো ভাইবোনেদের জন্য (টি আর মাংস ও সাথে মিষ্টি যা খেয়ে আমাদের মন ও পেট উভয় ভরে যায়। তাই কথায় আছে যার শেষ ভালে তার সব ভালো - ঠিক তেমনই আমাদের এজেন্ট এর ব্যবহার ও পরিষেবা ছাড়া সবই ভালো ছিল এবং সবথেকে খারাপ লাগার ব্যাপার এটাই আমাদের রান্নী ও তার সাহায্যকারী সেই দুইজন মানুষই ছিল বয়স্ক এবং এজেন্ট এদেরকেও খুবই বাজে ভাবে রেখেছিল। সবশেষে আমরা সবাই নিজেদের বাড়ি পৌছাই। এই পুরো Excursion টাই ছিল খুবই রোমাঞ্চকর যা আমাদের জীবনে একটা মূল্যবান স্মৃতি হয়ে থাকবে।

সুন্দরবনের ম্যানগ্রোভ অরণ্য

— (মানা পারভীন, 6th Sem. Geo (H)

এখন থেকে ১ লাখ বছরের আগেও দ(িণ এবং দ(িণ পূর্ব এশিয়ার পুরোটাই জুড়ে ছিল গহীন জঙ্গল। আনুমানিক ৭০-৮০ হাজার বছর আগে এই এলাকায় প্রথম আদি মানুষের বসবাস শু(হলে ধীরে ধীরে সেই জঙ্গলের আয়তন সংকুচিত হতে থাকে। যার আগে পর্যন্ত বি(ের বৃহত্তম জঙ্গল ছিল দ(িণ এশিয়ায়, যদিও বর্তমানে এই খেতাব দ(িণ আমেরিকার আমাজন জঙ্গলের মাথায় উঠেছে। যাই হোক সুপ্রাচীন এই জঙ্গলের বিশাল একটি অঞ্চলের অবস্থান ছিল ভারত মহাসাগর ও বঙ্গোপসাগরের সংলগ্ন উপকূল এলাকায় প্রাকৃতিক কারণেই উপকূলীয় এলাকায় জঙ্গলের চেহারা ত্র(ান্তীয় বনের বদলে ম্যানগ্রোভ বনে পরিণত হয়।

এই ম্যানগ্রোভ বনের বৈশিষ্ট্য এই বনের উদ্ভিদগুলি দিনে একাধিক কারণে সমুদ্রের জলে ডুবে থাকে। দ(িণ ও দ(িণ পূর্ব এশিয়ার উপকুলীয় এলাকা জুড়ে বিস্তৃত এই ম্যানগ্রোভ বনের খন্ডিত কিছু অংশ এখনও টিকে আছে। ভারতের তামিলনাড়ু এবং অন্ধ্রপ্রদেশের উপকূলীয় এলাকায় অবস্থিত ম্যানগ্রোভ বন দুটি সেই ভগ্নাংশ যার মধ্যে উল্লেখযোগ্য বিলুপ্ত প্রায় সেই সুপ্রাচীন ম্যানগ্রোভ কাটিয়ে থাকা সবচেয়ে বড়ো অংশটির নাম সুন্দরবন। বাংলাদেশের দ(িন অঞ্চলে এবং ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের দুটি জেলা মিলিয়ে বিস্তৃত এই বনটি এখনও বি(ের বৃহত্তম ম্যানগ্রোভ বনের খেতাব ধরে রেখেছে।

ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের উত্তর ও দ(িণ ২৪ পরগণা দুটি জেলা মিলিয়ে বিস্তৃত বি(ের বৃহত্তম ম্যানগ্রোভ বন। সুন্দরবনের মোট আয়তন প্রায় ১০ হাজার বর্গ কিমি. এর শতকরা প্রায় ৬০ ভাগ বা

৬ হাজার বর্গকিলোমিটার বাংলাদেশের নিয়ন্ত্রনাধীন রয়েছে এবং বাকি ৪০ ভাগ বা ৪ হাজার বর্গ কিলোমিটারের মতো এলাকা ভারতে নিয়ন্ত্রনাধীন রয়েছে। জমি মাপজোগের প্রচলিত এককের হিসাবে সুন্দরবনের আয়তন প্রায় ২৫ লাখ একর। এই সুন্দরবনের সীমানা দুটি নদীতে নির্দিষ্ট করা হয়েছে। পূর্বদিকে ভারতের হুগলী নদী পশ্চিমে বাংলাদেশের পলে(র নদ। এই দুটো জলধারার মধ্যবর্তী ম্যানগ্রোভ বনাঞ্চলের আনুষ্ঠানিক নাম সুন্দরবন। এই সুন্দরী নামক এক ধরণের গাছের নাম অনুসরণ করে সুন্দরবনের নাম রাখা হয়েছে। উত্তরের হিমালয় পর্বত মালা থেকে নেমে আসা গঙ্গ, ব্রহ্মপুত্র এবং মেঘনা এই তিনটি জলধারার মোহনা এই সুন্দরবন এলাকায় অবস্থিত। সুন্দরবন নামক বনাঞ্চলের উপর কৃতিত্ব বিট্রিশ ইস্ট ইণ্ডিয়া কোম্পানির দখলে আছে।

সুন্দরবনের জীববৈচিত্র্য নিয়ে কথা বলতে গেলে অবধারিত ভাবে যে প্রাণীটির কথা বলতে হবে সেটি রয়্যাল বেঙ্গল টাইগার। এদের গড় ওজন ২০০- ২৫০ কেজি। এরা বন্য শূকর, হরিন এবং মহিষ এর মতো প্রাণী শিকারের মাধ্যমে জীবনযাপন করে। বিজ্ঞানীদের ধারণা অনুযায়ী পুরো দ(িণ এশিয়ায় আনুমানিক ২৫০০ হাজারের মতো রয়্যাল বেঙ্গল টাইগার আছে। এর শতকরা ১০ ভাগই সুন্দরবনে বসবাস করে। রয়্যাল বেঙ্গল টাইগারের পাশাপাশি সুন্দরবনের বাসিন্দা বন্য প্রাণীদের মধ্যে রেসাস বানর, চিতল হরিণ, ধূসর মাথা মোছা ঈগল পাখি, নিল মাছরাঙা, নোনা প্রাণীর কুমির এবং করাত মাছ উল্লেখযোগ্য। এছাড়া ইরাবতী ডলফিন নামক প্রজাতির জলজ স্তন পায়ী প্রাণীরাও সুন্দরবনের মধ্যে দিয়ে প্রবাহিত নদী নালায় বসবাস করে। তবে নদী-নালা দূষণের কারণেই এদের অস্তিত্ব হুমকির মুখে পড়েছে বাঘের মতো এই বনে বসবাসকারি অনেক জীবজন্তুর মধ্যে চিতল হরিণের অস্তিত্ব ও হুমকির মধ্যে রয়েছে। এক সময় পুরো সুন্দরবনে কয়েক লাখ হরিণ ঘুরে বেড়ালেও বর্তমানে সংখ্যা কমে গিয়ে ৩০ হাজারে নেমে গিয়েছে। আর এই বনাঞ্চল থেকে এর মধ্যে বিলুপ্ত হয়ে যাওয়া প্রাণীর তালিকায় রয়েছে নাম এক প্রজাতির সিংবিহীন গন্ডার।

গঙ্গা- ব্রহ্মপুত্র - মেঘনার বদ্বীপের সুন্দরবন বি(ের বৃহত্তম ম্যানগ্রোভ বন এটি অন্যান্য ম্যানগ্রোভ জঙ্গলের থেকে বেশি বৈচিত্রপুর্ণ। এরা জলা জঙ্গলে যে ৭০০টিরও বেশি প্রজাতির গাছ জন্মায় তার মতো ২৪টি ম্যানগ্রোভ অরণ্য। কয়েকটি ম্যানগ্রোভ গাছের উদাহরণ সুন্দরী, গরাণ, গেঁওয়া, কেওড়া ইত্যাদি। এইসব গাছের সাধারণত জরায়ুজ অঙ্কুরোদগম, (াসমূল থাকে। এখনও অনেক প্রান্তিক মানুষই সুন্দরবন ও তার সংলগ্ন এলাকায় বসবাস করে। এদের একটি বড়ো অংশের জীবিকা উপার্জনের একমাত্র উপায় মাছ শিকার। এর পাশাপাশি কিছু সম্প্রদায়ের মানুষ প্রতিবছর একটা নির্দিষ্ট সময় সুন্দরবনে মৌমাছির মধু আহরণে ব্যস্ত থাকে। এই পেশাকে দেশের অন্যতম বিপজ্জনক পেশা বলে অভিহিত করা হয়। কারণ এই পেশাতে প্রতিটি পদ(পে থাকে বাঘের খাদ্য পরিণত হওয়ার আশঙ্কা। সুন্দরবনের মৌ শিকারিরা মধুসংগ্রহের সময় মাথার পিছনে একটি মুখোশ বেধে থাকে।

উদ্বেগের বিষয় হল বিভিন্ন কারণেই সুন্দরবনের আয়তন ত্র(মশ হ্রাস পাচ্ছে। এই হ্রাস পাওয়ার পিছনে জনসংখ্যা বৃদ্ধি এবং মানব আগ্রাসনের পাশাপাশি ঘুর্ণিঝড়ের মতো প্রাকৃতিক দূর্যোগ এরাও হাত রয়েছে। বিশেষ করে ভৌগলিক কারণে বঙ্গোপসাগরের উপকূলীয় এলাকায় প্রায় প্রতিবছরই প্রায় একাধিক ঘুর্ণিঝড় আঘাত হানে। আর কয়েক বছর পরপরই মহাশক্তি(শালী ঘুর্ণিঝড় এই এলাকায় তান্ডব চালিয়ে যায়। জাতিসংঘের প্রতিবেদন আনুমানিত ২০০৭ সালে এক ঘুর্ণিঝড় আঘাতে সুন্দরবনের ৪০ ভাগ উধাও হয়ে যায়। সে (তির মাত্রা পুরোপুরি বুঝে ওঠার আগেই দুই বছরের মাথায় ফের আঘাত হানে আয়লা

নামক ঘূর্ণিঝড়। এই ঝড়েও সুন্দরবনের বিদ্যমান জীব বৈচিত্র্য ব্যাপক (য় (তি হয়। প্রাকৃতিক কারণের মতো সুন্দরবন ধ্বংসে মানব সৃষ্ট কারণে ভূমিকা অনেক। এর মধ্যে প্রথমেই রইলো বি(্বব্যাপী জলবায়ু পরিবর্তনের ফলে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি পাচ্ছে।

আধুনিক ভারতে ভূগোলের জনক হিসাবে শিবপ্রসাদ চট্টোপাধ্যায়ের অবদান

— অভিজিত দাস, 6th Sem. Geo (H)

শিবপ্রসাদ চট্টোপাধ্যায় (২২ ফেব্রুয়ারি ১৯০৩-২৭ ফেব্রুয়ারি ১৯৮৯) ছিলেন ভারতের একজন ভূগোলবিদ এবং ক্যালকাটা জিওগ্রাফিক্যাল সোসাইটির প্রতিষ্ঠাতা (যা বর্তমানে জিওগ্রাফিক্যাল সোসাইটি অফ ইণ্ডিয়া নামে পরিচিত)। তাঁকে ভারতীয় ভূগোলের জনক হিসেবে অভিহিত করা হয়। ১) তিনি ১৯৬৪-৬৮ খ্রিস্টাব্দ পর্যন্ত আন্তর্জাতিক ভৌগোলিক ইউনিয়নের সভাপতি ছিলেন। ২) তিনি ভারতের উত্তর পূর্বাঞ্চলের রাজ্য মেঘালয়ের নামকরণ করেছিলেন। ৩) ১৯৮৫ খ্রিস্টাব্দে ভারত সরকার তাঁকে পদ্মভূষণ পুরস্কারে ভূষিত করে।

(৪) অধ্যাপক শিবপ্রসাদ চট্টোপাধ্যায় ১৯০৩ খ্রিস্টাব্দের ২২ ফেব্রুয়ারি শান্তিপুরে জন্মগ্রহণ করেন। শান্তিপুরের প্রাথমিক বিদ্যালয় থেকে তিনি প্রথম শি(াগ্রহণ করেন। শৈশব থেকেই তিনি পড়াশোনায় তার বুদ্ধিমত্তার পরিচয় দেন। পরবর্তীতে কলকাতার বঙ্গবাসী কলেজ থেকে স্নাতক হওয়ার পর স্নাতকোত্তরের জন্য বেনারস হিন্দু বি(্ববিদ্যালয়ে ভর্তি হন। সেখান থেকে ১৯২৬ খ্রিস্টাব্দে ভূতত্ত্বে এম.এস.সি. ডিগ্রি অর্জন করার পর পরবর্তী উচ্চ শি(ার জন্য ইংল্যান্ড ও ফ্রান্সে যান। প্যারিসের সোরবোর্ন বি(্ববিদ্যালয়ে (ইউনিভার্সিটি দ্য প্যারিস) বিখ্যাত ভূগোলবিদ ইমানুয়েল ডি. মর্তোনে এবং পল ভিদাল দে লা ব্লাচ এর অধীনে অসমের দুটি জেলা-গারো, খাসি ও জয়ন্তিয়া পাহাড়ের উপত্যকার ভূবিদ্যা নিয়ে গবেষণা করে প্যারিসের বি(্ববিদ্যলয় থেকে ১৯৩৬ খ্রিস্টাব্দে ডি.লিট ডিগ্রি লাভ করেন। (৫) তিনি তার গবেষণাগ্রন্থ - লে প-াটু দে মেঘালায়া (Le Plateau de Maghalaya) - এ মেঘপুঞ্জের পাহাড়ি এলাকাটি নাম দিয়েছিলেন - মেঘালয়। এটি মোনোগ্রাফ প্রবন্ধাকারে প্রকাশিত হওয়ার ৩৪ বৎসর পর ১৯৭০ খ্রিস্টাব্দে জন্ম হয় স্বশাসিত মেঘালয়ের এবং পূর্ণরাজ্যের মর্যাদা পায় ১৯৭১ খ্রিস্টাব্দে। ভারত সরকার এই রাজ্যের নামকরণে শিবপ্রসাদ চট্টোপাধ্যায়ের দেওয়া নামটি গ্রহণ করেছিল।

১৯২৮ খ্রিস্টাব্দে ডক্টর চট্টোপাধ্যয় রেঙ্গুন বি(্ববিদ্যালয়ের ভূতত্ব ও ভূগোল বিভাগের প্রধান হিসেবে নিযুক্ত(হন এবং ১৯৩৩ খ্রিস্টাব্দে তিনি উচ্চ শি(ার জন্য ইউরোপ গমন করেন। পরবর্তীতে ভারতে ফিরে আসার পর তিনি কলকাতা বি(্ববিদ্যালয়ে যোগদান করেন এবং শি(ক প্রশি(ণ বিভাগে ভূগোল বিষয়কে অন্তর্ভুক্ত(করেন। ১৯৩৯ এবং ১৯৪১ খ্রিস্টাব্দে যথাত্র(মে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের ডিগ্রিকোর্সে কলকাতা বি(্ববিদ্যালয়ে ভূগোল বিভাগের সূচনা করেন। কলকাতা বি(্ববিদ্যালয়ে তিনি ভূগোল বিভাগের প্রধান ও অধ্যাপক নিযুক্ত(হন। তিনি আজীবন এই বিভাগের সঙ্গে যুক্ত(ছিলেন এবং ১৯৬৭ খ্রিস্টাব্দে অবসর গ্রহণের পরেও সাম্মানিক অধ্যাপক হিসেবে দায়িত্ব পালন করেন।

তিনি সমগ্র ভারতের ভৌগোলিক চরিত্র নিয়ে গবেষণা ও উন্নতির জন্য একটি ভৌগোলিক সমাজের প্রয়োজনীয়তা অনুভব করেন এবং এর জন্য কলকাতাকে উপযুক্ত(স্থান হিসেবে মনে করেন। ফলস্বরূপ, ১৯৩৩ খ্রিস্টাব্দের ২৯ জুলাই তিনি কলকাতায় কলকাতা ভৌগোলিক সোসাইটি প্রতিষ্ঠা করেন। বর্তমানে এটি জিওগ্রাফিক্যাল সোসাইটি অফ ইণ্ডিয়া নামে পরিচিত।

জাতীয় শি(ানীতি - ২০২০

— ডঃ কল্যান কুমার মণ্ডল

ভারতের প্রথম জাতীয় শি(ানীতির শু(সেই ১৯৬৮ সালে ইন্দিরা গান্ধী সরকারের আমলে। দ্বিতীয় জাতীয় শি(ানীতি চালু করেন রাজীব গান্ধী সরকার ১৯৮৬ সালে। তৃতীয় ও সর্বশেষ জাতীয় শি(ানীতির প্রবর্তক নরেন্দ্র মোদী সরকার। সালটা ২০২০। এর মূল রূপকার হলেন মহাকাশ বিজ্ঞানী কে. কস্তুরীরঙ্গন।

এই শি(ানীতিতে বর্তমান শি(া ব্যবস্থার খোল নোলচে অর্থাৎ আমুল পরিবর্তনের কথা বলা হয়েছে। এই পরিবর্তনের একটি গু(ত্বপূর্ণ বিষয় হল যে, শি(ায় বিভিন্ন স্তরের কাঠামোগত পরিবর্তন। বর্তমানে সারা দেশে স্কুল শি(া চারটি ভাগে বিভক্ত(, যথা প্রাথমিক, উচচ প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক। প্রধানত শহরাঞ্চলে প্রাথমিকের আগে কিন্ডার গার্ডেন, পে- স্কুল ইত্যাদি চালু থাকলেও তা বাধ্যতামূলক নয়। কিন্তু জাতীয় শি(ানীতিতে প্রাথমিকের আগে তিন বছর আব্যশিক করা হয়েছে। এর সঙ্গে ক্লাস ওয়ান ও ক্লাস টুকে যুক্ত(করে মোট পাঁচ বছরের শি(াকে বলা হয়েছে 'ফান্ডামেন্টাল স্টেজ'। ৩য়, ৪র্থ এবং ৫ম শ্রেণিকে নিয়ে তিন বছরের 'প্রিপারেটরী স্টেজ', ৬ষ্ঠ, ৭ম এবং ৮ম শ্রেণিকে নিয়ে গঠন করা হয়েছে 'মিডিল স্টেজ'। সেকেন্ডারী স্টেজ বলা হয়েছে ৯ম থেকে ১২ম শ্রেণিকে নিয়ে, যার বিস্তার চার বছর। স্কুল শি(ার এই চারটি স্তরকে ৫+৩+৩+৪ ব্যবস্থা বলা হয়েছে। এই ব্যবস্থায় কোন মাধ্যমিক পরী(া থাকছে না। আবার কলেজস্তর তিন বছরের পরিবর্তে হচ্ছে চার বছরের।

স্কুল শি(ায় ব্যাপক কাঠামোগত পরিবর্তনের কথা বলা হলেও শি(ক, শি(াকেন্দ্র প্রভৃতির ব্যাপারে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির যথেষ্ট অভাব রয়েছে বলে মনে হয়। কারণ শি(ার একটি স্তম্ভ হল শি(ক। আবার শি(ার জন্য প্রয়োজন উৎকৃষ্ট মানের পরিকাঠামোযুক্ত(স্কুল। এই শি(ানীতিতে বলা হয়েছে শিশু শি(ার কেন্দ্র হল অঙ্গনওয়াড়ি। অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সহায়িকা হলেন শি(ক। এঁরা অনলাইনে প্রশি(ন পাবেন ৬ থেকে ১ বছর পর্যন্ত। শি(াকেন্দ্রগুলি হবে বায়ু চলাচলের ব্যবস্থযুক্ত(, শিশু বান্ধব সুগঠিত বাড়ি এবং তাতে থাকবে উন্নত মানের শিখন পরিবেশ।

অঙ্গনওয়াড়ি হল সুসংহত শিশু বিকাশ প্রকল্প (ICDS) এর অধিনে কিছু কেন্দ্র যেখানে শিশুদের পুষ্টি ও পড়াশোনার ব্যবস্থা থাকে। সারাদেশে অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির দৈন্যদশা আমরা সবাই জানি। জরাজীর্ণ ঘর, বসার ব্যবস্থার অভাব তার নিত্যসঙ্গী। অনেক সময় ক্লাব ঘরে ও চলে অঙ্গনওয়াড়ির কাজকর্ম। কর্মীর সংখ্যা ও অপ্রতুল।

জাতীয় শি(ানীতি বর্ণিত উচচগুনসম্পন্ন শিশু শি(া হবে পরিকাঠামোহীন এই সব পর্ণকুটিরে? আবার শিশুদের যে ভিজুয়াল আর্ট, নাটক, গান, পুতুলনাচ ইত্যাদির কথা বলা হয়েছে, তা কি শি(কদের অনলাইন প্রশি(নের মাধ্যমে স্বল্প সময়ে শেখা সম্ভব ? যদি তাঁরা সঠিকভাবে প্রশি(িত না হন তবে তার প্রভাব কি ছাত্র সমাজের উপর পড়বে না ?

এবারে আমি বৃত্তিমূলক শি(ায়। ৪.২৬ অনুচ্ছেদে বলা হয়েছে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণিতে শি(ার্থী নানারকম বৃত্তিমূলক শি(া যেমন ইলেকট্রিকের কাজ, ধাতু শিল্প, কাঠের কাজ ইত্যাদি শিখবে। শেখাবে স্থানীয় কারিগর যাদের 'মাস্টার ইনস্ট্রাকটর' বলা হয়েছে। পুরো শি(াবর্ষে ১০ দিন তারা ঐ সমস্ত কারিগরদের

কাছে পাঠ নেবে। আবার উল্লেখ করা হয়েছে যে ২০২৫ সালের মধ্যে ৫০ শতাংশ শি(ার্থীকে বৃত্তিমূলক শি(ার সঙ্গে যুক্ত(করতে হবে। এখন প্র(হল, এই বিরাট সংখ্যক বৃত্তিমূলক শি(াপ্রাপ্ত ছাত্রছাত্রীদের কাজ কোথায়? বর্তমানে মেশিনে তৈরী জিনিষ বাজার ছেয়ে গেছে। কারণ উৎপাদন ব্যয় কম। তার উপর সস্তায় সহজলভ্য চীনা সামগ্রী। বর্তমানে বাজার সমস্যার জন্য হস্তশিল্পীরা আজ পেশা সংকটে। এই রকম পরিস্থিতিতে ল(ল(ট্রেনিং প্রাপ্ত ছাত্রছাত্রীদের কাজের ভবিষ্যত কি উজ্জ্বল ?

স্কুল ছুট সমস্যা আমাদের দেশে একটা বড় সমস্যা। সরকার স্বীকার করেছে যে, ৬ষ্ঠ থেকে অষ্টম শ্রেনির মধ্যে মোট তালিকাভুক্ত(ছাত্রছাত্রীদের অনুপাত ৯০.৭ শতাংশ। নবম ও দশম শ্রেণিতে তা কমে হয় ৭৯.৩ শতাংশে। একাদশ ও দ্বাদশে তা আরো কমে হয় ৫৬.৫ শতাংশ। অর্থাৎ প্রাথমিকে একশ জন ভর্ত্তি হলে দ্বাদশ শ্রেণিতে পৌঁছায় ৫৬ শতাংশ ছাত্রছাত্রী। অর্থাৎ ৪৪ শতাংশ স্কুল ছুট বা ড্রপ আউট। কি কারণে এই বিপুল সংখ্যক ছাত্রছাত্রী ড্রপ আউট হচ্ছে এবং তার সমাধান কোন পথে — তার কোন সুনির্দিষ্ট দিশা জাতীয় শি(া নীতিতে পাওয়া যায়নি।

ভাষা শি(ার (ত্রে সংস্কৃতকে অনাবশ্যক অত্যাধিক গু(ত্ব দেওয়া হয়েছে। তার সঙ্গে আন্তর্জাতিক ভাষা ইংরেজীর উপর গু(ত্ব খুবই কম। বলা হয়েছে সংস্কৃত শুধু একটি বিষয় হিসাবে পড়লে হবে না, তাকে বিশেষ গু(ত্ব সহকারে শি(ার মূল স্রোতে আনতে হবে। অন্যান্য বিষয় ও সংস্কৃত ভাষায় পড়তে হবে। এর পোশাকি নাম দেওয়া হয়েছে Sanskrit Knowledge System সংস্কৃত একটি প্রাচীন ভাষা। ২০১১ সালের আদমসুমারী অনুযায়ী সংস্কৃত ভাষায় কথা বলেন মোট ২৪৮২১ জন। অর্থাৎ যৎ সামান্য। চর্চা খুবই সীমাবদ্ধ। এছাড়া সংস্কৃত ভাষায় উচ্চ শি(ার বিভিন্ন বিষয়ের বই অপ্রতুল বললে বেশি বলা হয়। এমতাবস্থায় ইংরেজীর গু(ত্ব কমিয়ে সংস্কৃত ভাষার বিপুল যজ্ঞের আয়োজন কতটা যুক্তি(সংগত ?

এবারে আসা যাক্ কলেজ শি(ায়। এই নতুন শি(ানীতি অনুযায়ী উচ্চমাধ্যমিক উত্তীর্ণ সবাইকে কেন্দ্রিয় সরকার দ্বারা গঠিত National Testing Agency দ্বারা গৃহীত সর্বভারতীয় পরী(ায় বসতে হবে। উত্তীর্নরাই উচ্চশি(ার সুযোগ পাবে। তবে কি উচ্চমাধ্যমিক পাশ কিন্তু NTA পরী(ায় ফেল ছাত্রছাত্রীরা কোন দিন স্নাতক হতে পারবে না ? আবার দ্বাদশ শ্রেণি পাশ সকল ছাত্রছাত্রীদের কলেজে ভর্ত্তির কোন নৈতিক দায়িত্ব থাকবে না সরকারের। বর্তমানে স্নাতক স্তর তিন বছরের, যাকে Three Years degree course বলে। এক বছর বাড়িয়ে একে চার বছর করা হয়েছে। শি(াদানের মাধ্যম হিসাবে অনলাইন মোডকে অত্যাধিক গু(ত্ব দিয়ে কমিয়ে দেওয়া হয়েছে অফলাইন মোড। বলা হয়েছে মোট ক্লাসের 70% পর্যন্ত ক্লাস অনলাইন মোডে হতে পারে। গুগল মিট, জুম প্রভৃতি অ্যাপের দ্বারা হবে ক্লাস। ক্লাস লেকচার আপলোড করতে হবে ইউ টিউবে। শি(ার্থী নিজেদের সুবিধামত তা দেখে নেবেন। এর অপরিহার্য ফল হিসাবে বলা যায় যে, শি(কের সঙ্গে শি(ার্থীর সরাসরি পারস্পরিক যোগাযোগ কমে যাবে। শি(ার্থী বিষয়বস্তু কতটা বুঝলো তা জানার উপায় থাকবে না শি(কের। ছাত্র-শি(ক ক্লাস(মে মুখোমুখি বসে সৌহার্দপূর্ণ পরিবেশে যে শি(ালাভ করে তা কি প্রযুক্তি(নির্ভর যান্ত্রিক ব্যবস্থায় পূর্ণভাবে হতে পারে?

কেন্দ্রিয় সরকার কর্তৃক গৃহিত বিভিন্ন নেতিবাচক দিকগুলি দেখে মনে প্র(জাগে যে, শি(া সম্পর্কে সরকারের দৃষ্টিভঙ্গি ও ঝোঁক ঠিক কোন দিকে ? একদিকে সরকার অন্যান্য সেক্টরের মতো শি(াকে বিশেষত উচ্চশি(াকে বেসরকারীকরণ করতে চাইছে, তেমনি অন্যদিকে শি(া(ত্রে আমদানি করছে বিভিন্ন অপবিজ্ঞানের। যেমন ইন্দিরা গান্ধী মুক্ত(বি(বিদ্যালয়ে চালু হয়েছে জ্যোতিষের মতো অবৈজ্ঞানিক বিষয়। শি(াখাতে GDP এর 6% ব্যয়ের কথা বলা হলেও বাস্তবে তা অনেক কম। ২০১৪-

১৫ অর্থবর্ষে তা ছিল 4.6%। পরের বছরগুলিতে তা ত্র(মান্বয়ে কমছে। বর্তমানে কেন্দ্রিয় সরকারের কর্তা ব্যক্তি(দের শি(া সম্বন্ধে বিভিন্ন বক্তব্য চিন্তাধারার দৈনত্যাকে প্রকাশ করে। যেমন সাত হাজার বছর আগে ভারতে বিমান ছিল, গোমূত্রে ক্যানসার নিরাময়, মহাভারতের যুগে ইন্টারনেট ও আরো কত কি! এগুলি কি এতিহ্যের নামে শি(ায় হিন্দুত্ববাদী চিন্তাধারার ফসল ?

উত্তর সেন্টিনেলী জনগোষ্ঠী

— সুমন কর্মকার, 6th Sem. Geo (H)

ভূমিকা ঃ দ্বীপটি হল আন্দামান দ্বীপপুঞ্জের মধ্যে একটি দ্বীপ, বঙ্গোপসাগরের মধ্যে একটি দ্বীপপুঞ্জ। সেখানে দ(িণ সেন্টিনেল দ্বীপও রয়েছে। এটি সেন্টিনেলীদের বাসস্থান, এমন একটি উপজাতি যারা বাইরের বিশ্বের সাথে কোনও যোগাযোগকে মেনে নেয়নি। অনেক সময় হিংস্রতার সাথে প্রত্যাখান করেছে। তারা আধুনিক সভ্যতার শেষ যোগাযোগ বিহীন মানুষদের মধ্যে একটি উপজাতি, আধুনিক সভ্যতা কার্যত যাদের ছুঁতে পারেনি।

প্রশাসনিকভাবে, দ্বীপটি ভারতের কেন্দ্রশাসিত অঞ্চল আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের দ(িণ আন্দামান জেলার অন্তর্গত। বাস্তব, ভারত সরকার দ্বীপটিকে একান্তে থাকার ইচ্ছেকে স্বীকৃতি দিয়েছে এবং দূর থেকে পর্যবে(ণের মধ্যেই নিজেদের ভূমিকা সীমাবদ্ধ করে রেখেছে (মানুষ হত্যা করার জন্য তাদের বি(দ্ধে কোন মামলা সরকার করে না। দ্বীপটি ভারতীয় সুর(ার অধীনে কার্যকরভাবে একটি সার্বভৌম অঞ্চল।

১৯৫৬ সালের আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের আদিবাসী উপজাতি সুর(া আইনের বলে সুর(িত। এই দ্বীপে ভ্রমণ এবং (৯.২৬ কিমি) থেকে কাছাকাছি যে-কোন যোগাযোগের চেষ্টা নিষিদ্ধ।

উত্তর সেন্টিনেল দ্বীপটি দ(িণ আন্দামান দ্বীপের ওয়ানডুর শহরের ৩৬ কিলোমিটার পশ্চিমে, পোর্ট ব্লেয়ারের থেকে ৫০ কিমি পশ্চিমে এবং দ(িণ সেন্টিনেল দ্বীপের ৫৯.৬ কিলোমিটার উত্তরে অবস্থিত। এই দ্বীপটি ৫৯.৬৭ বর্গ কিমি বা ২৩.০৪ বর্গ মাইল (ে ত্র নিয়ে বিস্তৃত রয়েছে এবং এর বহিঃসীমা মোটামুটি বর্গাকার।

এখানে কোন প্রাকৃতিক বন্দর নেই। উপকূল ছাড়া পুরো দ্বীপটি বনভূমি। দ্বীপটিকে ঘিরে একটি স(, সাদা-বালিয়াড়ী রয়েছে, তার পিছনে জমি ২০ মি পর্যন্ত উঁচু হয়ে গেছে এবং তারপর ধীরে ধীরে কেন্দ্রীয় অংশ অবধি ৪৬ মি থেকে ১২২ মি পর্যন্ত উঁচু জমি আছে। দ্বীপের চারপাশে প্রবাল প্রাচীর সমুদ্র সৈকত থেকে ১.৫ কিলোমিটার (০.৫-০.৮ নটিক্যাল মাইল) পর্যন্ত বিস্তৃত। প্রবাল প্রাচীরের ধারে একটি বনভূমিময় (ুদ্র দ্বীপ, কনস্ট্যান্স দ্বীপ, বা ''কনস্ট্যান্স দ্বীপাণু'' ও বলা হয়। দ(িণ-পূর্ব সমুদ্র তট থেকে ৬০০ মিটার দূরে অবস্থিত।

২০০৪ সালে ভারত মহাসাগরের ভূমিকম্পে দ্বীপের নিচে টেকটোনিক প্লে-টটিকে কাত করে দিয়েছিল, যার ফলে দ্বীপটি ১ থেকে ২ মিটার ওপরে উঠে যায়। এর ফলে আশেপাশের প্রবাল প্রাচীরগুলির অধিকাংশ উন্মোচিত হয়ে পড়েছিল এবং স্থায়ীভাবে শুষ্ক জমি বা অগভীর উপহ্রদে পরিণত হয়ে গিয়েছিল।এর

জন্য দ্বীপের সমস্ত সীমানা পশ্চিম এবং দ(ণ দিকে প্রায় ১ কিলোমিটার প্রসারিত হয়ে যায় এবং কনস্ট্যান্স দ্বীপটি মূল দ্বীপের সাথে সংযুক্ত(হয়ে যায়।

সেন্টিনেলী জনগোষ্ঠী ঃ- সেন্টিনেলী জনগোষ্ঠী হল আন্দামানি জনগোষ্ঠীর অন্তর্ভুক্ত(একটি বিচ্ছিন্ন জনগোষ্ঠী। বঙ্গোপসাগরের আন্দামান দ্বীপপুঞ্জে বসবাসরত একটি বিচ্ছিন্ন আদিবাসী জনগোষ্ঠীর অন্তর্ভুক্ত(এই জাতি দ(ণ এশিয়া জনগোষ্ঠীগুলোর একটি। গ্রেট আন্দামান উত্তর সেন্টিনেলী দ্বীপপুঞ্জে এই জনগোষ্ঠীর বাস। বহিরাগতদের ওপর আত্র(মণাত্মক মনোভাবের জন্য তারা বিশেষভাবে পরিচিত। সেন্টিনেলী জাতি মূলত একটি শিকার নির্ভর জাতি। তারা তাদের বেঁচে থাকার জন্য প্রয়োজনীয় উপকরণ শিকার, মাছ ধরা এবং বন্য লতাপাতার মাধ্যমে সংগ্রহ করে। এখন পর্যন্ত তাদের মাঝে কৃষিকাজ করা বা আগুন ব্যবহারে প্রমাণ পাওয়া যায় নি।

জাতিসত্বা ও দৈহিক গঠন ঃ- জাতিসত্বার দিক থেকে আন্দামানি নিগ্রোয়েড নৃ-তাত্তিক গোষ্ঠীভুক্ত(। কৃষ(াঙ্গ হাল্কা রক্তি(ম আভা যুক্ত(গায়ের রং, ছোটো কোঁকাড়ানো চুল, বড়ো মুখমন্ডল ও উচু চোয়াল, হাল্কা চেহারা সেন্টিনেলীদের দৈহিক গঠন। এরা বিচ্ছিন্ন অবস্থায় থাকতে চায় তাই তারা কোনোরকম মানুষকে তাদের দ্বীপে প্রবেশ করতে দেয়নি তাই তারা তাদের সংস্কৃতি এখনও উত্তরাধিকার ভাবে ধরে রেখেছে।

জীবনযাপন ঃ- সেন্টিনেলীরা জীবন ধারণের জন্য প্রাকৃতিক বনজ উপাদান এবং সমুদ্র সম্পদের উপর নির্ভর করে। এরা কৃষিকাজ বা অন্যভাবে ফসল বা ফল উৎপাদন করতে পারে না। এরা পুরোপুরি প্রকৃতির উপর নির্ভর করে জীবনযাপন করে। এরা ফল মূল ও বনজ বিভিন্ন পশুকে শিকার করে ও সমুদ্র থেকে মাছ ধরে খাদ্য হিসেবে গ্রহণ করে। এরা আগুনের ব্যবহার এখনও পর্যন্ত জানেনি। এরা প্রস্তর যুগের মত জীবন ধারণ করে। এদের ঘর বাড়ি বিভিন্ন গাছের উপাদান দিয়ে তৈরি। শিকারের জন্য এরা পুরোপুরি তির ধনুক, পাথরের তৈরি ফলা ও বর্শা ব্যবহার করে শিকারের পর এরা খুবই আনন্দ করে। পোশাক বিভিন্ন প্রাকৃতিক উপাদান দিয়ে তৈরি যেমন মহিলাদের জন্য হাল্কা স(বস্ত্র গাছের তন্তু গলায় কোমরে পরিধান করে ও পু(ষরা শুধু কোমড়ে পরিধান করে। এরা বেশিরভাগ সময় উলঙ্গ অবস্থায় জঙ্গলে থাকে। পরিবেশকে এরা সঠিক ভাবে ব্যবহার করে। এরা নিজেদের জনসংখ্যা বৃদ্ধি করতে পারে। পরিবেশের সঙ্গে সামঞ্জস্য রেখে জনসংখ্যা বৃদ্ধি করে যাহাতে জনসংখ্যা কম বা বেশি না হয়। সভ্য সমাজ থেকে নিজেদেরকে আলাদা রাখতে চায়।

বহিরজগতের সঙ্গে সম্পর্ক ঃ- সেন্টিনেলী জনগোষ্ঠী বাইরের জগৎ সম্বন্ধে কোন কিছু জানে না এরাই একমাত্র জাতি যারা কি না বর্হিজগতের সঙ্গে যোগাযোগ রাখতে চায় না। বিভিন্ন সময় বিভিন্ন ভাবে যোগাযোগ করার চেষ্টা করেছে যেমন - ১৯৬৭ সাল থেকে পোর্টব্লেয়ারে অবস্থিত ভারতীয় কর্তৃপ(সেন্টিনেলীদের সাথে যোগাযোগ করার বেশকিছু পদ(প নিয়ে আসছে। নৃতাত্ত্বিক ও ভারতের ট্রাইবাল ওয়েলফেয়ার ম্যানেজমেন্টের মহাপরিচালক ত্রিলক নাথ পণ্ডিতের নেতৃত্বে সেন্টিনেলদের সাথে যোগাযোগ স্থাপনের উদ্দেশ্যে বেশকিছু অভিযান পরিচালনা করা হয়। এসব অভিযানে তাদেরকে উপহার হিসেবে সমুদ্র সৈকতে খাবার ছড়িয়ে (যেমন ঃ নারকেল, ফুটবল, পুতুল ও শুকর) বন্ধুত্ব স্থাপনের চেষ্টা করা হয়। এসব প্রচেষ্টার মাধ্যমে সেন্টিনেলদের মধ্যে তৈরি বহিরাগতদের সম্পর্কে সৃষ্ট হিংস্র মনোভাব দূর করার চেষ্টা করা হয়।

১৯৯১ খ্রিস্টাব্দের ৪ জানুয়ারি বাঙালি নৃতত্ত্ববিদ মধুমালা চট্টোপাধ্যায় সহ ১৩ জনের একটি যোগাযোগকারী দল পৃথিবীর অন্যতম এই বিচ্ছিন্ন জনগোষ্ঠী সেন্টিনেলীদের সঙ্গে প্রথম এবং একমাত্র

বন্ধুত্বপূর্ণ যোগাযোগ সাধনে স(ম হন। পরর্বতীতে, বেশ কিছু সময়ের জন্য ধারণা করা হয়েছিলো। অভিযানগুলো ফলপ্রসূ হচ্ছে, কিন্তু ১৯৯০-এর দশকে বহিরাগতদের সাথে দ(ণ ও মধ্য আন্দামান দ্বীপপুঞ্জে বসবাসরত জারোয়া জাতিগোষ্ঠীর ওপর পরিচালিত একইরকম অভিযানে সৃষ্ট বেশ কিছু ধারাবাহিক আত্র(মণে কিছু মানুষ প্রাণ হারায়। এছাড়াও নতুন রোগের বিস্তারের আশঙ্কা দেখা দেওয়ায় অভিযানগুলো বন্ধ হয়ে যায়।

এরপর ২০০৬ সালে সেন্টিনেল তীরন্দাজরা তাদের দ্বীপে অনুপ্রবেশকারী দুইজন জেলেকে তীর মেরে হত্যা করে। পরবর্তীতে সেন্টিনেল তীরন্দাজরা মরাদেহ উদ্ধারে আসা হেলিকপ্টারটিকেও তীর মেরে হটিয়ে দেয়। তারপর থেকে এখনও পর্যন্ত ঐ জেলেদের মরাদেহ উদ্ধার করা যায়নি। যদিও উদ্ধার অভিযানে আসা হেলিকপ্টার থেকে তাদের মরাদেহ দেখা গিয়েছিলো। কারণ উদ্ধারকারী হেলিকপ্টারের পাখার ঘূর্ণনে সৃষ্ঠ প্রবল বাতাসের তোড়ে সেন্টিনেলদের অল্প গভীর কবরের মাটি সরে গিয়ে ঐ দুজন জেলের মৃতদেহ দেখা যায়।

২০১৮ সালে আমেরিকান ধর্মপ্রচারক, জন অ্যালেন চাউ তার খ্রীষ্টান ধর্ম প্রচারের জন্য নভেম্বর মাসে তিনি ওই দ্বীপে যাত্রা করেন তিনি সঙ্গে নিয়েছিলেন কিছু শুকনো মাছ, একটা ফুটবল একটা ছোটে নৌকা, কিছু কাঁচি, কোনো অনুমতি ছাড়াই অনৈতিক ভাবে ওই দ্বীপে প্রবেশ করে। প্রথমবার তিনি প্রান বাঁচানোর ভয়ে চলে আসেন। তিনি আবার উত্তরদিক থেকে প্রবেশ করার চেষ্টা করে ও সেন্টিনেলীদের তিরের আঘাতে মারা যান। মারা যাওয়ার আগে তিনি তার ডাইরীতে লিখে যান — ''আমি নিহত হলে দয়া করে তাদের বা ঈ(রের উপর রাগ করবেন না ... আমার শরীর পুন(দ্ধার করবেন না।'' Please do not angry at them or at God if I get killed ... Don't retrieve my body. অন্য একটি সফরে জন অ্যালেন চাউ রেকডল করেছেন যে দ্বীপবাসীরা তাকে বিনোদন, বিভ্রান্তি এবং শত্রুতার মিশ্রণে প্রতিত্রি(য়া জানিয়েছিল। তিনি তাদের কাছে পূজার গান গাওয়ার চেষ্টা করেছিলেন এবং তাদের সথে জোসা (দ(ণ আফ্রিকায় কথিত একটি ভাষা) ভাষায় কথা বলেছিলেন, যার পরে তারা প্রায়শই চুপ হয়ে যায়। তাদের সাথে যোগাযোগের অন্যান্য প্রচেষ্টা হাসিতে ফেটে পড়ে। চাউ বলেছিলেন যে তারা ''অনেক উচ্চ ধ্বনি'' এবং অঙ্গভঙ্গির মাধ্যমে যোগাযোগ করেছিল। অবশেষে, চাউ-এর শেষ চিঠি অনুসারে, যখন তিনি মাছ এবং উপহার দেওয়ার চেষ্টা করেছিলেন, তখন একটি ছেলে একটি ধাতব-মাথাযুক্ত(তীর ছুড়েছিল যা তার বুকের সামনে রাখা বাইবেলটিকে বিদ্ধ করেছিল, তারপরে সে আবার পিছু হটেছিল।

তার চূড়ান্ত সফলে, ১৭ নভেম্বর চাউ জেলেদের তাকে ছেড়ে চলে যাওয়ার নির্দেশ দেন। জেলেরা পরে দেখল দ্বীপবাসীরা চাউ-এর মৃতদেহ টেনে নিয়ে যাচ্ছে এবং পরের দিন তারা সমুদ্রের তীরে তার মৃতদেহ দেখতে পায়।

মাসাই

— রিয়া মন্ডল , 2nd Sem. Geo (H)

ভূমিকা ঃ পূর্ব আফ্রিকার প্রায় ১২৫ টি আদি জনগোষ্টির মধ্যে পশুপালক 'মাসাই' রা হল সবচেয়ে বৈচিত্রময় পরাত্র(মশালী, যোদ্ধা জনজাতি, মাসাইরা হল নিগ্রো জনজাতি সংমিশ্রন। গবাদি পশুপালন মাসাই উপজাতির বেঁচে থাকার একমাত্র অবলম্বন বলে, কোনো ও কোনোক্স ভৌগোলিক, এদের এই রীতিকে "the breath of life" বলে অ্যাখ্যায়িত করেছেন।

নামকরন ঃ- নিলোটিক সাহারার একটি গু(ত্বপূর্ণ ভাষা হল মা। ভৌগোলিকদের মতে, এই 'মা' ভাষা থেকেই মাসাই নামের উদ্ভব ঘটেছে। মাসাই শব্দের মূল অর্থ হল "Gods Work" বা ঈ(রের কর্ম। প্রসঙ্গত, আধুনিক পশ্চিমী সভ্যতার কিছু মানুষ মাসাইদের "Nobel Savag" বলে আখ্যায়িত করেছেন।

পরিচিতি ঃ-

১। বাসস্থান - পূর্ব আফ্রিকার দ(িণ কেনিয়ার মালভূমি, উত্তর তাঞ্জানিয়া উত্তর টাঙ্গানাইকা এবং পূর্ব উগান্ডায় মাসাইরা বসবাস করে।

২। নৃতাত্বিক শ্রেণি - মাসাইরা আদিম আফ্রিকার সামবু(নৃতাত্ত্বিক শ্রেণির অন্তর্গত।

৩। সম্প্রদায় কেনিয়াতে মাসাইরা দুটি শ্রেণিতে বিভক্ত(, যথা - i) Black Ox শ্রেণির মাসাই এবং ii) Red Bullock শ্রেণির মাসাই।

৪। দৈহিক গঠন ঃ- i) এরা অত্যন্ত - লম্বা ও ঋজু, ii) হাড় সুগঠিত ও দীর্ঘ, iii) হাত ও পায়ের পাতা সংকীর্ণ, কিন্তু দীর্ঘ আঙুল বিশিষ্ট, iv) মুখমন্ডল স(, উঁচু ও চাপা মাথা, v) দীর্ঘ অল্প কোঁকড়ানো কেশকায়।

৫। অ(াংশ ঃ- পূর্ব আফ্রিকার শুষ্ক ও শুষ্কপ্রায় জলবায়ুতে ১° উত্তর অ(াংশ থেকে ৬° দ(িণ অ(াংশের গ্রেট রিফট উপত্যকা বরাবর প্রায় ১৬০০০০ বর্গ কিমি স্থান জুড়ে অবস্থান করেছে।

মাসাই অধিবাসী ঃ- মাসাই জনসংখ্যা ১০ ল(বলা হলেও সঠিক জনসংখ্যা বলা মুশকিল। তবে বর্তমানে আধুনিক স্বাস্থ্য পরিসেবার সুযোগ গ্রহন করায় উচ্চ মরণশীলতা ও জন্মকালীন শিশুর মৃত্যুর হার হ্রাস পেয়েছে। মাসাইগন যোদ্ধা জনজাতি হিসেবে চিহ্নি(ত। আফ্রিকার জনজাতি সমূহের মধ্যে মাসাইদের মতো এত শক্তি(শালী ও বিচ(ন জনজাতি বিরল বলে অভিমত ব্যক্ত(করা হয়।

মাসাই পু(ষ ঃ- এরা দীর্ঘদেহি, গড় উচ্চতা ৬ ফুটের বেশি। বয়স অনুসারে মাসাই পু(ষদের ৫৩ ভাগে বিভক্ত(করা হয় - বালক, যোদ্ধা ও বয়স্ক পু(ষ। ১৪-৩০ বছর বয়স্ক পু(ষদের বলা হয় মোরান।

মাসই নারী ঃ এরা দীর্ঘকায়া, তারা গৃহকর্মে নিযুক্ত(হাতের কাজ যেমন অলংকারাদি প্রস্তুত। সূচীশিল্প ইত্যাদি শেখেন। নারীদের শি(ার সুযোগ কম। মাসাই সমাজে নারীশি(ার উৎসাহের অভাব দেখা যায়। বাল্যবিবাহের আধিক্য রয়েছে। মাসাই সমাজে বিধবা বিবাহের অধিকার থেকে নারীরা অধিকাংশ (ে ত্রে বঞ্চিত হন।

ভৌগোলিক অবস্থা ঃ- যদিও মাসাইদের এলাকাটি নির(ীয় জলবায়ু অঞ্চলের মধ্যে পড়ে তবুও এখানকার উষ(তা ১৪° সেলসিয়াসের কাছাকাছি থাকে। দিনেরবেলা গরম এবং রাতের বেলা ঠান্ডা। গড় বাষিক বৃষ্টিপাত ১০০ সেমির বেশি হয় না। বৃষ্টিপাত শৈলোৎ(েপ প্রকৃতির এবং বছরের বেশিরভাগ বৃষ্টি এপ্রিল -মে মাসে সংঘটিত হয়। এধরণের জলবায়ু অঞ্চলে ঘাস জন্মায়, সে ঘাসগুলোর উচ্চতা ১ ফুট বা তার কাছাকাছি হয়। এখানে কাঁটা জাতীয় গাছ ও ঝোপঝাড় জন্মায়।

পরিব্রাজন ঃ- প্রকৃতপ(মাসাইরা একটি পরিব্রাজিত জনগোষ্ঠি। ১৫ শতকের কাছাকাছি সময়ে মাসাইগন উত্তর পূর্ব কেনিয়ার নিম্ন নীল বদ্বীপ অঞ্চল থেকে পরিব্রাজন শু(করে। পরে সপ্তদশ ও অষ্টাদশ শতকের মধ্যে গবাদি পশুপালনের মধ্য দিয়ে মাসাইরা তাঞ্জানিয়া পর্যন্ত ছড়িয়ে পড়ে। পরে উনিশ শতকের মাঝামাঝি মাসাইরা পূর্ব আফ্রিকার গ্রস্ত উপত্যকা বরাবর উত্তরে মাউন্ট মার্সাবিট থেকে দ(ণে ডোডোমা অঞ্চল পর্যন্ত পরিব্রাজনের মাধ্যমে নিজেদের বসতি বিস্তার ঘটায়।

জীবিকা ঃ- ১৯ শতকের প্রথম দিকে ব্রিটিশ শাসকেরা মাসাইদের বিস্তৃর্ণ অঞ্চল থেকে উচ্ছেদ করে ফলে। মাসাই ভূমির প্রায় ২/৫ ভাগ সংকুচিত হয়। পরবর্তীকালে ব্রিটিশ অধীনতা মুক্ত(হলেও কেনিয়া ও তানজানিয়া সরকার বনভূমি ও তৃণাঞ্চল সংর(নের জন্য মাসাইদের পশুচারণের জমি সংকুচিত করেছে। মাসাইরা প্রতিবাদী আন্দোলন গড়ে তুলে তৃনাঞ্চলে ঐতিহ্যবাহী পশুচারনের অধিকার আদায়ে সরব হয়েছেন। তৃনাঞ্চলে অবাধ পশুচারন এবং বনাঞ্চলের বহুস্থানে পশুচারন নিষিদ্ধ হওয়ায় গবাদি পশুসংখ্যা হ্রাস পেয়েছে। ফলে মাসাই সমাজে গবাদি পশু নির্ভরতা আগের চেয়ে অনেক কমেছে।

ঐতিহ্যগতভাবে 'মাসাইগন যাযাবর পশুপালক' পালিত পশুর মধ্যে রয়েছে গ(, ভেড়া, ছাগল, গাধা প্রভৃতি। গবাদি পশুর পাল নিয়ে তৃণ ও জলের সন্ধানে এক স্থান থেকে অপর স্থানে গমন করেন এবং অস্থায়ী বসতি গড়ে তোলেন। আঞ্চলিক পরিবেশ সম্পর্কে জ্ঞান থাকায় তারা জানেন কোথায় কোন সময় তৃণগুল্মাদি পশুচারনের উপযুক্ত(হয়ে উঠবে এবং সেই অনুযায়ী তাদের প্রব্রজনের ছকটি তৈরি থাকে।

শিকার ও সংগ্রহ ঃ- অনেকসময় মাসাই অধিবাসীরা বিনোদন কিংবা খেলার ছলে স্থানীয় কিছু ছোটো ছোটে জীবজন্তু ও পাখি শিকার করে থাকে। মাসাইদের ব্যবহৃত প্রধান অস্ত্রগুলির মধ্যে অন্যতম হল - তির, পাতলা স(তরবারি, দীর্ঘ ফলাযুক্ত(বর্শা প্রভৃতি।

খাদ্য তালিকা ঃ- মাসাইদের প্রধান খাদ্য তালিকায় ঐতিহ্যগত দিক থেকে মোট ৬টি মৌলিক খাবারের প্রাধান্য রয়েছে। সেগুলি নিম্নে আলোচনা করা হল -

১) দুধ ঃ- মাসাইরা যে সমস্ত গবাদি পশুগুলিকে প্রতিপালন করে তাদের থেকেই দুধ সংগ্রহ করে থাকে। তবে মাসাইরা টাটকা দুধের তুলনায় টক হয়ে যাওয়া দুধই বেশি পান করতে পছন্দ করে। তবে অসুস্থ মাসাইরা ফোটানো দুধ খেতে দেওয়া হয়। অনেক সময় এরা দুধ থেকে দই কিংবা মাখন তৈরি করেও খায়।

২) মাংস ঃ- মাসাইরা প্রায় সবধরণেরই পশুজাত মাংস খেয়ে থাকে। তবে এদের খাদ্য তালিকায় ভেড়া ও মহিষ মাংস রূপে সবচেয়ে জনপ্রিয়। প্রসঙ্গগত মাসাইরা দুধ ও মাংস কখনই একসঙ্গে ভ(ন করে না। এমনকি এদুটিকে একসাথেও রাখে না। মাসাইরা মনে করে দুধ ও মাংস একসঙ্গে রাখলে গবাদি পশুরা গু(তর অসুস্থ হয়ে পড়তে পারে তাই এরা দুধ ও মাংস কখনই একসঙ্গে খায় না।

৩) চর্বি ঃ- মাসাইরা যখন পশুবলি করে তখন মৃত পশুর ছাল থেকে কিংবা মাংস থেকে চর্বিগুলোকে আলাদা করে রাখে। এবং পরে সেগুলিকে খেয়ে থাকে।

৪) রক্ত(ঃ- মাসাই সমাজের পুরোনো নীতি অনুসারে অনেকেই পশুজাত রক্ত(পান করে থাকে। মাসাইরা মনে করে পশুর রক্ত(শরীরে রোগ প্রতিরোধের (মতা যেমন বৃদ্ধি করে তেমনই শরীরকে বলশালি করে তোলে। আবার মাসাই সমাজে কেউ অসুস্থ থাকলে কিংবা নারীরা সন্তান জন্মোদানের পর তাকে সুস্থ করে তুলতে তাকে রক্ত(পান করতে দেওয়া হয়। মাসাইরা প্রতি সপ্তাহে গ(বা মহিষের গলায় তীর দিয়ে ছেদ করে সেই রক্ত(দুধের সাথে পান করতে খুবই পছন্দ করে।

৫) গাছের ছাল ঃ- মাসাইরা বিভিন্ন গাছের ছালকে দুধে ভিজিয়ে রেখে। ভেষজগুন সম্পন্ন ঔষধ রূপে

পান করে থাকে। মাসাইদের কাছে ভেষজগুন সম্পন্ন এই ধরণের খাদ্য Motori নামে পরিচিত।

প্রথাগত কৃষি ঃ- প্রথাগতভাবে কৃষিজীবি না হলেও তৃণভূমি সংকুচিত হওয়ায় বর্তমানে কিছু শস্য যেমন সরগম, ধান, আলু প্রভৃতি চাষ করে নিজেদের খাদ্য উৎপাদনে সচেষ্ট হন। কেনিয়া ও তানজানিয়া সরকার মাসাইদের স্থায়ী কৃষিজীবিতে পরিণত করার চেষ্টা করলেও তেমনভাবে সফলতা আসেনি। তবে মাসাই যুবকরা প্রব্রজনকালে কৃষি নির্ভর জমিটির সংস্পর্শে এসে উক্ত(সম্প্রদায়ের নারীদের সঙ্গে অনেক সময় বিবাহ বন্ধনে আবদ্ধ হন। উক্ত(উভয় কারণে মাসাইদের মধ্যে প্রথাগত কৃষি কিছুটা প্রচলন হয়েছে।

মাসাইগন আফ্রিকার দাস নিয়োগ থেকে নিজেদের সবসময়ই দূরে রেখেছেন এবং দাস নিয়োগকারীরাও মাসাইদের দাস হিসাবে নিয়োগ সফল হয়নি।

মাসাই জনজাতি অরণ্য ও তৃণভূমির পরিবেশে বন্য জীবজন্তুর সঙ্গে সহাবস্থান করে নিজেদের স্বাধীন জীবনযাত্রাকে টিকিয়ে রাখতে সবসময়ই সচেষ্ট থেকেছেন। যোদ্ধা জনবসতি হিসেবেই তাদের পরিচিতি। নিখুত ল(্যভেদে মাসাই যুবক অব্যর্থ। ৫০-১০০ মিটার দূরেও নিপুনভাবে ছোড়া বর্ষা ল(্যভেদ করে।

পর্যটন ঃ- মাসাইদের বাসভূমি বিভিন্ন বন্যপ্রাণী ও প্রাকৃতিক সংর(ণাগার হিসেবে প্রসিদ্ধ। পর্যটন শিল্পের সঙ্গে তারা অনেকে যুক্ত(হয়ে পড়েছেন। অরণ্যকে পরিবেশে মাসাই সংস্কৃতি ও জীবনযাত্রাকে পর্যটকদের সামনে তুলে ধরে পর্যটকদের আরো আকৃষ্ট করতে সংশ্লিষ্ট মহলে যথেষ্ট উদ্যোগ দেখা যায়। এ থেকে মাসাই গ্রামবাসীদেরও কিছু উপার্জন হয় এবং তারা তাদের হাতে তৈরি অলংকার ও অন্যান্য আকর্ষনীয় সামগ্রী পর্যটকদের কাছে বিক্রি(করে কিছু উপার্জন করতে পারেন।

আধুনিক পেশা ঃ- বর্তমানে বেশ কিছু মাসাই যুবক আধুনিক সমাজ ব্যবস্থায় বিভিন্ন শ্রমভিত্তিক পেশায় নিযুক্ত(হয়েছেন এবং যাযাবর জীবন পরিত্যাগ করে স্থায়ী জীবনযাত্রা বেছে নিয়েছেন। পর্যটন শিল্পে টুরিস্ট গাইড, পৌর শিল্প এলাকায় নিরাপত্তার(ী হোটেলকর্মী ইত্যাদি কাজে নিযুক্ত(হচ্ছেন।

মাসাই সমাজ ঃ- পিতৃতান্ত্রিক সমাজ ব্যবস্থা, বয়স্ক পু(ষেরা সমাজে নেতৃত্ব দেন এবং বিভিন্ন সামাজিক সিদ্ধান্ত গ্রহন করেন। বিবাদের মীমাংসায় মৌখিক আইন প্রয়োগ হয়ে থাকে। জরিমানা হিসেবে গবাদি পশু দিয়ে ও বিবাদ মেটানো হয়।

বস্ত্র সংত্র(ান্ত অভিযোজন ঃ- মাসাইদের পোশাক যথেষ্ট ঐতিহ্যপূর্ণ এবং সরল প্রকৃতির হয়ে থাকে। বেশিরভাগ মাসাই জনগোষ্ঠী অত্যন্ত রঙিন শুকা নামক এটি পোশাক পরিধান করে, যা বিভিন্ন রঙিন কাপড়ের থানকে প্যাঁচ দিয়ে তৈরী করা হয়। পু(ষ মাসাইদের পোশাকের প্যাঁচ 'কিকই' এবং মহিলা পোশাকের প্যাঁচ 'কাংগা' নামে পরিচিত। মাসাই সমাজের বৈচিত্র্যময় পোশাকের পরিচয় হয় নিম্ন(প —

১) মাসাই সংস্কৃতির একটি বৈচিত্র্যময় প্রতীক হল লাল পোশাক পরিধান। এটি অবশ্য আলাদা একটি অর্থ বহন করে। অধিকাংশ মাসাইরা মনে করেন, লাল রঙ দেখে সিংহরা ভয়ে পালিয়ে যায়।

২) মাসাই সমাজের মহিলারা ছাগলের চামড়ার তৈরী পোশাক এবং পু(ষ যোদ্ধারা সিংহ কিংবা অন্যান্য জন্তুর চামড়ার পোশাক পরিধান করে।

৩) নারী পু(ষ নির্বিশেষে মাসাইরা রঙিন পুঁতির গয়না ব্যবহার করে। বিশেষ করে পু(ষরা তাদের কোমর, গলা, কবজি, হাত এবং পায়ের নিম্নভাগে রঙিন পুঁতির ব্যান্ড ব্যবহার করত।

৪) মাসাই যোদ্ধারা মাথায় মুকুট দ্বারা নিজেদেরকে সুসজ্জিত করে। এদের পোশাকে কাদা কিংবা লাল মাটির প্রলেপ থাকে। এদের অস্ত্রগুলি লোহার তৈরী।

৫) মাসাই সমাজে সাদা পোশাক শান্তির প্রতীক এবং লাল পোশাক যুদ্ধের প্রতীক।

সামাজিক অভিযোজন ঃ- মাসাইদের সামাজিক অভিযোজনকে বেশ কয়েকটি ধাপে আলোচনা করা হল।

সামাজিক গঠন ঃ- পূর্ব আফ্রিকার বিভিন্ন জনজাতির তুলনায় গোষ্ঠীবদ্ধ মাসাইদের একটি স্বতন্ত্র সামাজিক গঠন রয়েছে। এখানে সমাজ গঠনে মাসাই পু(ষ এবং মাসাই মহিলারাই অন্যতম।

মাসাই যোদ্ধা ঃ- মাসাই সমাজে ১৪-৩০ বছর পর্যন্ত বয়সি পুরষরা মাসাই যোদ্দা বা মোরান (Moran) নামে পরিচিত। এই বয়সের সমস্ত মাসাই পু(ষ সমাজের যাবতীয় অনুশাসন, রীতিনীতি মেনে, প্রকৃত যোদ্ধা (পে নিজেকে প্রতিষ্ঠিত করেন।

বয়স্ক মাসাই ঃ- মাসাই সমাজে বয়স্ক পু(ষদের স্থান সকলেরই উর্দ্ধে। এরাই যাবতীয় সিদ্ধান্ত গ্রহণ করে এবং মাসাই সমাজকে পরিচালিত করে। মাসাই দলপতি 'লেইবন' (Liabon) নামে পরিচিত। মাসাই সমাজে এরা অনেক সময় পুরোহিতের কাজ ও করে থাকে।

জনসংখ্যাগত তথ্য ঃ- পূর্ব আফ্রিকার বিভিন্ন প্রান্তে প্রায় ১৭ ল(ে র ও বেশি মাসাই উপজাতি বসবাস করছে। এর মধ্যে কেনিয়া এবং তানজানিয়াতেই সবচেয়ে বেশি মাসাই উপজাতির বাস। ২০০৯ সালে কেনিয়ার জনগণনায় প্রায় ৮,৪১,৬২২ জন এবং ২০১১ জনগণনায় তানজানিয়ার ৮,০০,০০০ জন মাসাই জনগোষ্ঠীকে চিহ্নি(ত করা গেছে।

আচার অনুষ্ঠান ঃ- মাসাই জনসম্প্রদায় সমাজে যে সমস্ত আচার অনুষ্ঠানে অংশগ্রহণ করে তা সম্পূর্ণরূপেই বৃষ্টিপাতের উপর নির্ভরশীল। শুষ্ক মাসাইল্যান্ড বৃষ্টিতে জমি ফসল ফলানোর উপযোগী হয়ে ওঠার জন্য মাসাইরা আনন্দে মেতে ওঠে। মাসাইদের কয়েকটি আচার অনুষ্ঠান হল -

'এঙ্কিপাটা' ঃ- এটি এমন একটি প্রথা, যেখানে মাসাই সমাজের একপ্রান্ত থেকে অপরপ্রান্তে প্রায় ৪ মাস ঘুরে, শেষ দিনে নিকটবর্তী বনে রাত্রিযাপন করার পর ভোর রাত থেকে সারাদিন নাচগান করে পুনরায় গৃহে ফিরে আসে।

'এমুরাজ' ঃ- মাসাইরা নিজেদেরকে যোদ্ধা (পে প্রতিষ্ঠিত করতে এমুরাজ অনুষ্ঠানটিকে উদ্‌যাপন করে।

'ইউনাটো' ঃ- এই অনুষ্ঠানটিকে মূলত মাসাইরা পালন করে নিজেদের একজন পরিণত যোদ্ধার স্বীকৃতি পাওয়ার আনন্দে।

নাচ ও গান ঃ- মাসাইদের প্রত্যেক আচার অনুষ্ঠানেই নাচ ও গানের ব্যবস্থা থাকে। মাসাইদের নাচ দেখতে অনেকটা লাফানোর মতো লাগে।

ধর্ম ঃ- মাসাই অঞ্চলের চারপাশে খ্রিষ্টধর্মের প্রাধান্য থাকলেও মাসাইরা ঐতিহ্যগতভাবে 'একে(রবাদী' (One High God) মহান দেবতার ওপর বি(াসী। মাসাইরা হল 'এঙ্কাই' (Enkai) দেবতার উপাসক। মাসাইরা কল্পনা করে তাদের এই দেবতার, দুটি ভূমিকায় অবতীর্ন হয়। কখনো এই দেবতা শাস্তিদাতা (পে ''Red God'' এবং কখনো পরিত্রাতা (পে ''Black God'' নামে পরিচিত।

বিবাহ ঃ- মাসাই সম্প্রদায়ের মধ্যে সবর্ণের বিবাহ (endogamous marriage) প্রথা প্রচলিত থাকলেও এদের মধ্যে বহুগামিতা ও রয়েছে, অর্থাৎ কোনো ও মাসাইদের ৩-৪ জন স্ত্রী প্রথাগতভাবে থাকতে পারে। তবে এ(ে ত্রে মাসাইদের শখের চেয়ে প্রয়োজনীয়তা অনেক বেশী। কারণ এখানকার সমাজে একজন মাসাই এর প্রভাব-প্রতিপত্তি, সম্পত্তি নির্ভর করে তাদের পরিবারের সদস্যা সংখ্যা এবং পালিত পশুসংখ্যার উপর।

অর্থনৈতিক অভিযোজন ঃ- মাসাইদের অর্থনৈতিক অভিযোজন এদের জীবিকা এবং সম্পত্তির সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। মাসাইদের অর্থনৈতিক অভিযোজন কয়েকটি স্তরে আলোচনা করা হল।

১। পশুসম্পদ (Liverstock) ঃ- গবাদি পশু হল মাসাই অর্থনীতির অন্যতম ও প্রাথমিক ভিত্তি। মাসাইরা প্রচুর সংখ্যক ভেড়া, ছাগল, গো(, মহিষ প্রভৃতি তাদের 'ত্র(াল' - গুলিতে রাখে। সাধারণত এদের খাদ্য তালিকায় মাংস, দুধ, রক্ত(প্রভৃতি পরিবারের পশুগুলির থেকেই পাওয়া যায়। মাসাইরা সাধারণত দৈনন্দিন জীবনে যাবতীয় ভারবহনের কাজে তাদের পালিত 'গাধা'গুলিকে বেশি ব্যবহার করে।

২। পশুসম্পদ (Postoralism) ঃ- পূর্ব আফ্রিকার যে অঞ্চলে মাসাইরা বসবাস করে সেখানে তৃণগুল্মের যথেষ্ট প্রাধান্য থাকায় অর্থনৈতিকভাবে পশুচারণে মাসাই সংস্কৃতির একটি গু(ত্বপূর্ণ অঙ্গ হয়ে উঠেছে। মাসাইরা গবাদি পশুগুলিকে শুধু খাওয়া কিংবা বিক্রি(র জন্য প্রতিপালন করত না। মাসাইদের ধর্মীয় আচার অনুষ্ঠানে যাদুবিদ্যা প্রদর্শনীতেও গবাদি পশুগুলি কাজে লাগে।

ভাষা ঃ- মাসাইদের নিজস্ব ভাষা মা (Maa) একটি স্বীকৃত ভাষা, এছাড়া মাসাইরা অনেকেই প্রতিবেশী সোহাইলি (Swahili) ভাষা এবং ইংরেজি ভাষাও কথা বলে।

সংস্কৃতি ঐতিহ্য ঃ- মাসাইগন আধুনিক সভ্যতার গণকে অনেকটাই ঠেকিয়ে রেখেছেন। প্রথাগত পোশাক ব্যবহারই পছন্দ করেন। প্রথাগত ধর্মীয় সামাজিক রীতিনীতিতে বি(্বাস করেন।

মাসাই সম্প্রদায়ের বিভিন্ন সমস্যা ঃ- মাসাই সমাজে যে সমস্ত সমস্যাগুলি পরিলি(ত হয় সেগুলি হল —

ক) সামাজিক সমস্যা ঃ- ১) পিতৃতান্ত্রিক মাসাই সমাজের একটি বড়ো সমস্যা হল মহিলাদের উপে(া করে রাখা। মাসাইদের অভ্যন্তরীণ 'Krail' গুলি বাদে অন্যান্য বহির্জগতে মহিলাদের গমন পুরোপুরি নিষিদ্ধ। ফলে বেশিরভাগ মহিলারাই গৃহবন্দি(পে জীবনযাপন করে। তাছাড়া মাসাই সমাজে যেমন বিধবাদের পুর্নবিবাহে সুযোগ নেই তেমনই অসংখ্য মহিলা বহুবিবাহের স্বীকার। যাদেরকে মাসাই পু(ষরা শুধুমাত্র সন্তান উৎপাদনের জন্য স্ত্রীর স্বীকৃতি দেন।

২) প্রথাগত উপায়ে মাসাইরা পশুপালন এবং সংগ্রহ ভিত্তিক জীবনধারার মধ্য দিয়ে যে সমস্ত খাদ্য পেয়ে থাকে তা সবসময় শরীরের প্রয়োজনের তুলনায় যথেষ্ট কম। বর্তমান কেনিয়ার প্রায় ৩.৪ ল(মাসাই খাদ্য নিরাপত্তাহীনতায় ভুগছে।

৩) স্বাস্থ্য (ে ত্রে মাসাইরা বহুবিধ সমস্যার জর্জরিত। i) মাসাই উপজাতিরা তাদের জটিল রোগগুলিতে প্রথাগত আয়ুর্বেদিক চিকিৎসা করে থাকে। অনেক (ে ত্রে অধিকাংশ মাসাইদের মৃত্যু পর্যন্ত ঘটে।

ii) মাসাই ল্যান্ডের অত্যন্ত 10% - 20% অধিবাসী HIV রোগে আত্র(ান্ত হন।

iii) এখানকার অনিয়ন্ত্রিত জন্মহার একদিকে যেমন - শিশু মৃত্যুর হারকে বৃদ্ধি করেছে তেমনি জমির উপর জনসংখ্যার চাপ ও দিনে দিনে বাড়ছে।

অর্থনৈতিক সমস্যা ঃ- অর্থনৈতিক দিক থেকে মাসাইদের বহুবিধ সমস্যা রয়েছে যেমন - ১) মাসাই সমাজে দারিদ্র্যতা অর্থনৈতিক প্রতিবন্ধকতার সবচেয়ে বড়ো দিক। মাসাইল্যান্ডের কোনও ফসল উৎপাদন খুব একটা করা হয় না। কারণ মাসাইরা মনে করে ফসল উৎপাদন মানেই প্রাকৃতিক পরিবেশকে বিভিন্নভাবে জর্জরিত করা। তাই মাসাইরা স্থানীয়ভাবে যে নূন্যতম পশুজাত এবং সংগৃহীত খাদ্য পেয়ে থাকে তা অভাব মোচনের (ে ত্রে যথাযথ নয়।

২) মাসাইল্যান্ডের যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত অনুন্নত তাই বহিরাঞ্চলের সঙ্গে অর্থনৈতিক ভাবে যোগাযোগ স্থাপনে মাসাইরা বিরত থাকে।

অন্যান্য সমস্যা ঃ- ১) অতিরিক্ত(পশুচারনের ফলে মাসাইল্যান্ডের অধিকাংশ স্থানের তৃণভূমি ব্যাপকভাবে (তিগ্রস্থ হয়েছে। ফলস্ব(প এখানে ভূমি(য় মাত্রাহীনভাবে বৃদ্ধি পেয়েছে।
২) অধিকাংশ মাসাইরা কেনিয়া ও তানজানিয়ার বিভিন্ন অঞ্চলে ব্যাপক পরিমাণে বৃ(ছেদন। বৃ(পোড়ানো, চারকোল সংগ্রহ প্রভৃতি কাজে নিযুক্ত(থাকায় এখানে স্থানীয় বাস্তুতন্ত্র ব্যাপকভাবে (তিগ্রস্থ হয়েছে।